ছাত্র ইউনিয়ন সিলেট জেলার আহ্বায়ক মনীষা ওয়াহিদ

চেম্বার ডেস্ক:: “জাগ্রত হোক প্রতিবাদ, শিক্ষা চাই, শান্তি চাই, দূর হোক সন্ত্রাস-মৌলবাদ” স্লোগানকে সামনে রেখে এক কর্মীসভার মাধ্যমে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন সিলেট জেলা সংসদের আহ্বায়ক কমিটি গঠিত হয়েছে।

মনীষা ওয়াহিদকে আহ্বায়ক এবং পাপ্পু সরকার এবং সৈকত দাসকে যুগ্ম আহ্বায়ক করে মোট ১৯ সদস্য বিশিষ্ট এই কমিটি গঠন করা হয়।

দীর্ঘদিন পূর্বেই বাংলাদেশ ছাত্র ইউনিয়ন সিলেট জেলা কমিটির মেয়াদোত্তীর্ণ হয়। এরই পরিপ্রেক্ষিতে সাংগঠনিক গতিশীলতা ফিরিয়ে আনা এবং নিষ্ক্রিয়তা নিরসন করে আগামীদিনের লড়াই-সংগ্রামে নিজেদের সর্বোচ্চ শক্তি নিয়ে অংশগ্রহণের প্রত্যয় নিয়ে আহুত কর্মিসভায় আহ্বায়ক কমিটি গঠিত হয়।

শুক্রবার (৫ নভেম্বর ২০২১) অনুষ্ঠিত কর্মীসভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, কেন্দ্রীয় কমিটির সংগ্রামী সভাপতি(ভারপ্রাপ্ত) নজির আমিন চৌধুরী জয়। কেন্দ্রীয় নেতৃবৃন্দের মধ্যে আরও উপস্থিত ছিলেন হবিগঞ্জ জেলা সংসদের সংগ্রামী সভাপতি প্রণব কুমার দেব। এছাড়াও বরিশাল জেলা সংসদের সভাপতি রাহুল দাস উপস্থিত ছিলেন।

মদন মোহন কলেজের ছাত্র ইউনিয়ন নেতা সৈকত দাসের সভাপতিত্বে কর্মী সভায় প্রধান আলোচকের বক্তব্য রাখেন কেন্দ্রীয় সংসদের সভাপতি নজির আমিন চৌধুরী জয়। বক্তব্য রাখেন প্রণব কুমার দেব, রাহুল দাস।

এছাড়া বক্তব্য রাখেন মুরারিচাঁদ কলেজ সংসদের ছাত্রনেতা নরোত্তম দাস, দক্ষিণ সুরমা কলেজের ছাত্রনেতা পাপ্পু সরকার, সিলেট পলিটেকনিক ইন্সটিউটের ছাত্রনেতা কেএম আব্দুল্লাহ আল নিশাত, সিলেট ইউনিভার্সাল কলেজের ছাত্রনেতা সৈয়দ প্রিন্সসহ সিলেট জেলা সংসদের বিভিন্ন শাখার নেতৃবৃন্দ।

পরে নবগঠিত কমিটিকে শপথবাক্য পাঠ করান হবিগঞ্জ জেলা সংসদের সংগ্রামী সভাপতি প্রণব কুমার দেব। তিন মাসের মধ্যে পূর্ণাঙ্গ

সম্মেলন করার শর্তে কমিটির অনুমোদন দেন কেন্দ্রীয় কমিটির সংগ্রামী সভাপতি নজির আমিন চৌধুরী জয়।